

■ সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১২৪১

২. সালাত অধ্যায় (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৬. মাগরিবের ওয়াক্ত

بَابِ وَقْتِ الْمَغْرِبِ

আরবী

أَخْبَرَنَا إِسْحَاقُ هُوَ ابْنُ إِبْرَاهِيمَ الْحَنْظَلِيُّ حَدَّثَنَا صَفْوَانُ بْنُ عِيسَى عَنْ يَزِيدَ بْنِ أَبِي عَبْدٍ
عَنْ سَلَمَةَ بْنِ الْأَكْوَعِ قَالَ كَانَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يُصَلِّي الْمَغْرِبَ سَاعَةَ تَغْرُبِ
الشَّمْسِ إِذَا غَابَ حَاجِبُهَا

বাংলা

১২৪১. সালামাহ ইবনুল আকওয়াহ বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম মাগরিবের সালাত আদায় করতেন সুর্য ডোবার সঙ্গে সঙ্গে, যখন এর (উপরের) কিনারাও অদৃশ্য হয়ে যেতো।[1]

ফুটনোট

[1] তাহকীক; এর সনদ সহীহ।

তাখরীজ: সহীহ বুখারী ৫৬১; সহীহ মুসলিম ৬৩৬; আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি মুসনাদুল মাউসিলী নং ৩৫৯৩ ও সহীহ ইবনু হিবান নং ১৫২৩। ((তিরিমিয়ী ১৬৪; আবু দাউদ ৪১৭; ইবনু মাজাহ ৬৮৮; বাইহাকী ১/৪৪৬; আহমাদ ৪/৫৪; তাবারাণী ৬২৮৯; বাগাবী, শারহস সুন্নাহ ৩৭২।- সহীহ ইবনু হিবান ১৫২৩ নং এর মুহাকিক আরনাউত্তের টীকা হতে-অনুবাদক।))

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ সালামাহ ইবনু আকওয়াহ (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=81524>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন